# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১০৮

১/ বিবিধ

---

আরবী

تخرج الدابة، ومعها عصى موسى عليه السلام، وخاتم سليمان عليه السلام، فتخطم الكافر بالخاتم، وتجلووجه المؤمن بالعصا، حتى إن أهل الخوان ليجتمعون على خوان، فيقول هذا: يا مؤمن، ويقول هذا: يا كافر
منكر

أخرجه الطيالسي (ص 334) وأحمد (2/295 و491) والترمذي (12/63 ـ بشرح ابن العربي) وابن ماجه (2/1351/4066) والثعلبي في " تفسيره " (ق 24/1) كلهم من طريق عن علي بن زيد عن أوس بن خالد عن أبي هريرة أن رسول الله صلى الله عليه وسلم قال: فذكره. وقال الترمذي
" حديث حسن "
قلت: كذا قال وفيه علتان
الأولى: أوس بن خالد، ذكره البخاري في " الضعفاء ". وقال ابن القطان
" له عن أبي هريرة ثلاثة أحاديث منكرة، وليس له كبير شيء "
كذا في " الميزان "
وفي " التقريب "
" مجهول "
الأخرى: علي بن زيد وهو ابن جدعان، ضعيف

বাংলা

১১০৮। (কিয়ামতের আলামত হিসেবে) পশুটি বের হওয়ার সময় তার সাথে মূসা (আঃ)-এর লাঠি আর সুলায়মান (আঃ)-এর আংটি থাকবে। সে আংটি দ্বারা কাফেরের নাকে চিহ্ন লাগিয়ে দিবে আর লাঠি দ্বারা মুমিনের চেহারাকে উজ্জ্বল করে দিবে। খানা গ্রহণকারীরা যখন দস্তরখানের উপর একত্রিত হবে তখন এক ব্যক্তি অন্যকে সম্বোধন করে বলবেঃ হে মুমিন, আরেক ব্যক্তি অন্যকে সম্বোধন করে বলবেঃ হে কাফের।

হাদীসটি মুনকার।

এটি তায়ালিসী (পৃঃ ৩৩৪), আহমাদ (২/২৯৫, ৪৯১-৭৫৯৬), তিরমিযী (১২/৬৩- ৩১১১), ইবনু মাজাহ (২/১৩৫১/৪০৫৬) ও সা'য়ালাবী তার "তাফসীর" গ্রন্থে (কাফ ১/২৪) 'আলী ইবনু যায়েদ সূত্রে আউস ইবনু খালেদ হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে হতে বর্ণনা করেছেন।

তিরমিযী বলেনঃ হাদীসটি হাসান।

আমি (আলবানী) বলছিঃ তাতে দুটি সমস্যা রয়েছেঃ

১। আউস ইবনু খালেদকে ইমাম বুখারী "আয-যুয়াফা" গ্রন্থে উল্লেখ করেছেন। ইবনুল কাত্তান বলেনঃ আবু হুরাইরাহ (রাঃ) হতে তার তিনটি মুনকার হাদীস রয়েছে ...। হাফিয যাহাবীর "আলমীযান" গ্রন্থে অনুরূপ মন্তব্যই এসেছে।

হাফিয ইবনু হাজারের "আত-তাকরীব" গ্রন্থে এসেছেঃ তিনি মাজহুল।

২। আরেক বর্ণনাকারী আলী ইবনু যায়েদ ইবনে জাদ'আন দুর্বল।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71987

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন